সংবাদ

তারিখ ... 16 NOV 2016 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ......

### কলেজ জাতীয়করণ থেকে বাদ

# সুজানগরে অফিস-আদালত বন্ধ করে প্রতিবাদ এলাকাবাসীর

**নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা**

পাবনার সুজানগর উপজেলা সদরের নিজাম উদ্দিন আজগর আলী ডিগ্রী কলেজকে জাতীয়করণের তালিকা থেকে বাদ দেয়ার প্রতিবাদে উপজেলা পরিষদ কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছে এলাকাবাসী। গত সোমবার সকাল থেকে তারা স্থানীয় সকল সরকারী বেসরকারী অফিস-আদালত, ব্যাংক-বীমা ও বিভিন্ন প্রতিষ্ঠানও বন্ধ করে দেয়। বিক্ষুব্ধ শিক্ষার্থী ও এলাকাবাসী রাস্তায় টায়ার জ্বালিয়ে পাবনা-সুজানগর মহাসড়ক অবরোধ করে প্রতিবাদ কর্মসূচি শুরু করলে বন্ধ হয়ে যায় সব দোকানপাট ও যান চলাচল। উপজেলা পরিষদ কার্যালয়ে অবরুদ্ধ হয়ে পড়েন উপজেলা নির্বাহী কর্মকর্তা সাখাওয়াত হোসেনসহ কর্মকর্তা ও কর্মচারীরা। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানায়, সরকারের প্রতি উপজেলায় একটি কলেজ জাতীয়করণের সিদ্ধান্ত অনুযায়ী গত ৩০ জুন সুজানগর উপজেলার নিজাম উদ্দিন আজগর আলী ডিগ্রী কলেজ তালিকাভুক্ত হয়। কিন্তু হঠাৎ করে কুচক্রী মহলের ষড়যন্ত্রে এ সিদ্ধান্ত পরিবর্তন করে উপজেলা সদরের বাইরের একটি কলেজকে জাতীয়করণের তালিকাভুক্ত করা হয়েছে। এর প্রতিবাদে সোমবার সকাল থেকে সুজানগর উপজেলা পরিষদসহ সকল সরকারি বেসরকারি অফিস, দোকানপাট বন্ধ করে প্রতিবাদ করছে এলাকাবাসী।